

## 🗏 আশ-শামস | Ash-Shams | ٱلشَّمْس

আয়াতঃ ৯১:১

💵 আরবি মূল আয়াত:



## 

কসম সূর্যের ও তার কিরণের। — আল-বায়ান

শপথ সূর্যের ও তার (উজ্জ্বল) কিরণের, — তাইসিরুল

শপথ সূর্যের যখন সে আচ্ছন্ন করে, – মুজিবুর রহমান

By the sun and its brightness — Sahih International

- ১. শপথ সূর্যের এবং তার কিরণের(১),
  - (১) এখানে نحص শব্দটি شمس এর বিশেষণ। এ শব্দের কয়েকটি অর্থ হতে পারে। একটি অর্থ হলো দিন, দিনের প্রথমভাগ। [মুয়াসসার, তাবারী] এর আরেকটি অর্থ হতে পারে, তা হলো, আর শপথ সূর্যের কিরণ বা আলোর। [সা'দী, জালালাইন]

তাফসীরে জাকারিয়া

- 🕽 । শপথ সূর্যের এবং তার (দিনের প্রথম ভাগের) কিরণের। [1]
  - [1] চাশতের সময় অথবা সূর্যের কিরণের কসম। অথবা 'যুহ্লা' বলতে দিনকে বোঝানো হয়েছে। অর্থাৎ, সূর্য এবং দিনের কসম।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6044

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন